

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭০

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ আমাদের যেসব ইমাম বলেন যে উক্ত হাদীস ইসলামের প্রথম যুগের মক্কার, যে সময় ইসলামের বিধি-বিধানগুলো অবতীর্ণ হয়নি- তাদের কথা অপনোদনকারী হাদীসের আলোচনা

ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ زَعَمَ مِنْ أَئِمَّتِنَا أَنَّ هَذَا الْخَبَرَ كَانَ بِمَكَّةَ فِي أَوَّلِ الْإِسْلَامِ قَبْلَ نُزُولِ الْأَحْكَام

আরবী

أَخْبَرنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ الْقَطَّانُ بِالرَّقَّةِ حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُس عَنِ الْأَعْمَشِ عَنْ زَيْدِ بْنِ وَهْبِ قَالَ: أَشْهَدُ لَسَمِعْتُ أَبًا ذَرٍّ بِالرَّبَذَةِ يَقُولُ: كُنْتُ أَمْشِي مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِحَرَّةِ الْمَدِينَةِ فَاسْتَقْبُلَنَا أُحُدٌ فَقَالَ: "يَا أَبَا فَرْ", قُلْتُ بِينَادٌ إِلَّا أَصِرْفِهُ لِدَيْنِ", ثُمَّ مَشَى وَمِشْيتُ مَعَهُ فَقَالَ: "يَا أَبَا ذَرِّ", قُلْتُ: لَبَيْكَ يَا رَسُولَ اللَّهِ وَسَعْدَيْكَ فَقَالَ: "إِنَّ الْأَكْثَوِينَ هُمُ الْأَقَلُونَ يَوْمَ الْقِيَامَةِ" ثُمَّ قَالَ: "يَا أَبَا ذَرِّ لَا تَبْرَحْ حَتَّى آتِيكَ؟ " ثُمَّ انْطُلَقَ حَتَّى اَوْلَاقُ مُنْ عَالَى اللَّهِ وَسَعْدَيْكَ فَقَالَ: "إِنَّ الْأَكْثَوِينَ هُمُّ الْأَقَلُونَ يَوْمَ الْقِيَامَةِ" ثُمَّ قَالَ: "يَا أَبَا ذَرِّ لَا تَبْرَحْ حَتَّى آتِيكَ؟ " ثُمَّ انْطُلَقَ حَتَّى اَوْلَاكُ لِي فَقَالَ: عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِي فَلَيْتُ حَتَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِي فَلَيْتُ حَتَّى الْفَلْقُ مُتَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِي فَلَيْتُ حَتَّى الْمَعْتُ صَوْتًا فَقُلْتُ أَنْطِلِقُ ثُمَّ فَوْلَ النَّبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِي فَلَيْتُ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِي فَلَاتُ الْمُعْمَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِي فَلَكَ لِي فَقَالَ: "وَإِنْ سَرَقَ؟ قَالَ: "وَإِنْ زَنِى وَإِن سَرق". الْخَبْرِيلُ أَتَانِي فَأَعْرَنِي أَنَّهُ مَنْ مَاتَ مِنْ أُمْتِي لَا يُشْرِكُ بِاللَّهِ شَيْئًا دَخَلَ الْجُنَّةَ الْأَعْمَشُ وَلِكَ بَرِيلُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِثْلُهُ وَلَاللَهُ عَلَيْهِ وَسَلَّمَ مِثْلُهُ وَلَكُ أَي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِثْلُهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِثْلُهُ وَسَلَّمَ مِثْلُهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِثْلُهُ وَلَا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : صحيح ابن حبان

বাংলা

الصفحة أو الرقم: 170 | خلاصة حكم المحدث: صحيح.



১৭০. যাইদ বিন ওয়াহাব থেকে বর্ণিত, তিনি বলেন: 'আমি সাক্ষ্য দিয়ে বলছি যে, অবশ্যই আমি রাবাযাহ নামক জায়গায় আবু যার আল গিফারী রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে শুনেছি। তিনি বলেছেন: 'আমি একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে মদীনার কঙ্করময় এলাকা দিয়ে হাঁটছিলাম। আমাদের সামনে উহুদ পাহাড় পড়লো, অতঃপর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'হে আবু যার, আমার মোটেও পছন্দ নয় যে, উহুদ পাহাড় আমার জন্য সোনায় পরিণত হয়ে তার একটি দীনারও সন্ধা পর্যন্ত আমার কাছে থাকুক। তবে সেটা ব্যতিত যা আমি ঋণ পরিশোধ করার জন্য রাখি।' তারপর তিনি চলতে লাগলেন আমিও তাঁর সাথে চললাম। তারপর তিনি বললেন: 'হে আবু যার!' আমি বললাম: 'আমি আপনার এবং আপনার সন্তুষ্টির কাছে সদাপ্রস্তুত! তিনি বললেন: '(দুনিয়াতে ধন-সম্পদের দিক দিয়ে) আধিক্যতা লাভকারীরা কিয়ামতের দিন (সাওয়াব প্রাপ্তির দিক দিয়ে) স্বল্প লাভকারী হবে।' তারপর তিনি বললেন: 'হে আবু যার, আমি তোমার কাছে ফিরে না আসা পর্যন্ত তুমি এখানেই থাকো। এরপর তিনি চলতে লাগলেন এমনকি তিনি অদৃশ্য হয়ে গেলেন। অতঃপর আমি একটি আওয়াজ শুনতে পেলাম। আমি মনে মনে বললাম: 'আমিও চলি।' তারপরেই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কথা মনে পড়লো। ফলে তিনি না আসা পর্যন্ত অপেক্ষা করলাম। এরপর তিনি আসলে আমি বললাম: 'হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি একটি আওয়াজ শুনতে পেয়েছিলাম, ফলে আমি আপনার কাছে যাওয়ার ইচ্ছা করি কিন্তু পরক্ষণেই আপনার কথা মনে হয়।' তিনি বলেন: 'উনি জিবরীল, আমার কাছে এসেছিলেন। তিনি আমাকে বলেছেন: 'আমার উম্মতের মাঝে যে ব্যক্তি মারা যাবে এমতাবস্থায় যে, সে আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করেনি, সে জান্নাতে প্রবেশ করবে। আমি বললাম: 'যদি সে ব্যভিচার করে, যদি সে চুরি করে?' তিনি জবাবে বললেন: 'যদিও সে ব্যভিচার করে, যদিও সে চুরি করে।'[1]

উপরোক্ত হাদীসটি আবু দারদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকেও বর্ণিত হয়েছে।[2]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৩২২২; সহীহ মুসলিম: ৯৪; তিরমিযী: ২৬৪৪; ইবনু মাজাহ: ; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৪; মুসনাদ আহমাদ: ৫/১৫২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৮২৬।)

[2] সহীহ আল বুখারী: ৬২৬৮; মুসনাদ আহমাদ: ৬/৪৪৭। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৮২৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন